## 1.3 মাতৃভাষা বাংলা

### শ্রেণি IX – X

### ভূমিকা (Introduction)

এই পাঠ্যক্রমের মাধ্যমে বাংলা ভাষা শেখার এক বিস্তৃত ও সুদৃঢ় পরিকাঠামো গঠন করার চেষ্টা করা হয়েছে। মানুষের ভাব-বিনিময়ের প্রধান মাধ্যম ভাষা। কেবলমাত্র ভাবের আদান-প্রদানই নয় ভাষার মাধ্যমেই আমরা বিষয়ের জ্ঞান আহরণ করি। এখানে ভাষা শিক্ষায় দুটি বিষয়ের উপর বিশেষভাবে লক্ষ্য রাখা হয়েছে। প্রথমত, অতি সহজ ও সরলভাবে ভাষা শেখা। দ্বিতীয়ত, পড়ানোর সময় ব্যাকরণের চেয়ে বিষয়বস্তুর উপর প্রাধান্য দেওয়া।

প্রাথমিকের গণ্ডি পেরিয়ে শিক্ষার্থী মাধ্যমিকের শেষ ধাপ অর্থাৎ নবম ও দশম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। এই স্তরে এসে একজন শিক্ষার্থী মোটমুটি ভাবে আত্মবিশ্বাসে প্রতিষ্ঠিত হয়। তারমধ্যে ব্যক্তিক, সামাজিক ও রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটেছে। প্রয়োজনে নিজের মতামত ব্যক্ত করার দক্ষতা অর্জন করেছে।

কেবলমাত্র কথা বলা বা লেখা-পড়া শেখাই নয় বিশ্ব-ব্রহ্মাণ্ডের অগণিত জ্ঞান ও সৌন্দর্যবোধের সঙ্গেও পরিচিত হতে হবে এবং তার প্রধান বাহন সাহিত্য।

সাহিত্যের বিভিন্ন অঙ্গ যেমন - গল্প, পদ্য, প্রবন্ধ, নাটক প্রভৃতির রসাস্বাদনের যোগ্যতা অর্জন করতে হবে। একই সঙ্গে কেবলমাত্র ভাষার শুদ্ধতা বা সঠিক প্রয়োগই নয় পাঠের মধ্যদিয়ে চারিত্রিক বৈশিষ্ট্য ও সৃজনাত্মক প্রতিভার বিকাশই মুখ্য উদ্দেশ্য।

সাহিত্য বিশ্ব ভ্রাতৃত্বের প্রধান ধারক ও বাহক। বাংলাভাষার সাহিত্য কেবল আত্মিক বন্ধন ও মিলনের পথ-নির্দেশই দেয় না এই স্তরে এসে শিক্ষার্থীর নিজেকে প্রতিষ্ঠিত করার চেতনা বৃদ্ধি পায়।

### মাতৃভাষা বাংলা

সাবলীল ভাবপ্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম মাতৃভাষা। ব্যক্তির চিন্তাভাবনা ও বুদ্ধিবৃত্তির সর্বাঙ্গীন বিকাশের শ্রেষ্ঠ মাধ্যমও এই মাতৃভাষা। মা, মাতৃভাষা ও মাতৃভূমি এই তিনটি যেন সমার্থক শব্দ। মাতৃভাষায় রচিত সাহিত্য সম্পদই আমাদের জাতীয় জীবনকে, জাতীয় শক্তি ও ঐতিহ্যকে শক্তিশালী ও চেতনা সম্পন্ন করে তোলে। জাতীয়তা বোধের মধ্যে থাকে না কোন সংকীর্ণতা। এটি সামাজিক ও মানবিক সম্পর্কের বন্ধনকে করে তোলে সুদৃঢ়। অপরদিকে আমাদের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করতে মাতৃভাষার সঙ্গে অন্যান্য ভাষার অনুশীলনও করা আবশ্যক।

### শিক্ষার উদ্দেশ্য (Educational objectives)

* বাংলা ভাষার মাধ্যমে বাংলা সংস্কৃতি ও সাহিত্যের মূল প্রকৃতির পরিচয় লাভ করা এবং সেটি সংরক্ষণ করার জন্য উদ্বুদ্ধ হওয়া।
* শুদ্ধ সহজ বাংলায় নিজের ভাব প্রকাশ করা এবং অন্যের প্রকাশিত ভাবকে সঠিকভাবে বুঝে নিয়ে তা মৌখিক ও লিখিত ভাবে নিজের ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করা।
* বাংলা ভাষার ব্যাকরণ, রচনা, বিজ্ঞপ্তি, প্রতিবেদন এবং প্রয়োগ পদ্ধতি ও মৌলিক রচনা লেখার দক্ষতা অর্জন করা।
* বাংলার শব্দ ভাণ্ডার সঞ্চয় ও প্রয়োগ বৃদ্ধি করা।
* সাহিত্যের বিভিন্ন অঙ্গের সঙ্গে পরিচিত হওয়া।
* বাংলা সাহিত্যের সম্পদ ও ঐতিহ্য সম্বন্ধে সচেতন হওয়া ও তার রসাস্বাদনের যোগ্যতা অর্জন করা।
* বাংলা ভাষা ও লিপির সঠিক প্রয়োগ সম্বন্ধে সচেতন ও সতর্ক হওয়া।
* সঞ্চার মাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক), বিশ্বকোষ, অভিধান ইত্যাদি থেকে তথ্য সংগ্রহ করে জ্ঞানবৃদ্ধি করা এবং গ্রন্থাগার ব্যবহারে অভ্যস্ত হওয়া।

### শিক্ষার্থীর কাছে প্রত্যাশা (Expectation from Students)

* নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীরা বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি সম্বন্ধে আগের ক্লাসে মোটামুটি অবগত হয়েছে। এই পর্যায়ে এসে তারা নিম্নোক্ত বিষয়গুলিতে মোটামুটি পাঠের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে —
* সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তার সাবলীলতা
* ভাষার উপর দক্ষতা
* ভাষার সৌন্দর্যবোধের চেতনা।
* প্রচার মাধ্যমগুলির সঙ্গে পরিচিত হওয়া।
* বাচন শৈলী ও উপযুক্ত ভাষার প্রয়োগ করা, এই স্তরে এসে বাংলা সাহিত্য ও

সংস্কৃতির সঙ্গে সম্পর্ক আরো নিবিড় হয়ে উঠবে, আত্মবিশ্বাস ও দৃঢ় থেকে দৃঢ়তর হবে যাতে সে ভবিষ্যতে একজন সফল ও শ্রেষ্ঠ নাগরিক হতে পারে।

### মাধ্যমিক স্তরে শিক্ষকের ভূমিকা

যুগ-পরিবর্তনের সঙ্গে সঙ্গে সমাজে শিক্ষার্থী ও শিক্ষকের ভূমিকায় আমূল পরিবর্তন এসেছে। বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর মাতৃ-পিতৃ তুল্যই নয় বন্ধুসম।

* তিনি ক্লাসে শিক্ষার্থীর আচরণকে মনোবিজ্ঞান সম্মত ভাবে পরিচালিত করবেন।
* ভাবগম্ভীর বিষয়বস্তুকে সরস করে পরিবেশন করার জন্য শিক্ষকের সূক্ষ্ম রসবোধ বাঞ্ছনীয়।
* শিক্ষার্থীর মধ্যে স্বাধীন চিন্তাশক্তির বিকাশে শিক্ষকের ভূমিকা অনস্বীকার্য।

## শ্রেণি IX, X

### পাঠ্য পুস্তক

নবম ও দশম শ্রেণির জন্য দুটি আলাদা আলাদা গদ্য ও পদ্য সংকলনের একটি করে পাঠ্যপুস্তক থাকবে। দুটি শ্রেণিতেই 24 থেকে 26টি পাঠ সংকলিত থাকবে। কাব্য সংকলনে আদিযুগের একটি, মধ্যযুগের দুইটি ও অবশিষ্ট আধুনিক যুগের কবিতা সংকলিত থাকবে। বিভিন্ন বিষয় ও আঙ্গিকের কবিতা যেন থাকে সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। গদ্য সংকলনে ভাষা ও সাহিত্যের ইতিহাস, গল্প, ভ্রমণ কাহিনী, নাট্যাংশ প্রহসন, আত্মজীবনী প্রভৃতি সাহিত্যের বিভিন্ন অঙ্গের রচনা অবশ্যই সংকলিত থাকবে।

একটি সহযোগী পাঠ্য পুস্তক থাকবে। নবম শ্রেণীর জন্য গল্প সঞ্চয়ন ও দশম শ্রেণীর জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের কথা ও কাহিনী।

### পাঠ্য বিষয়

* সমাজবাদ
* স্বাধীনতা সংগ্রাম
* জাতীয় সংহতি ও সমন্বয়
* ধর্ম নিরপেক্ষতা
* বিশ্ব মৈত্রী চেতনা
* পরিবেশ সচেতনতা
* আধুনিক বৈজ্ঞানিক তথ্য নির্ভর পাঠ (ইন্টারনেট)
* অনুবাদ সাহিত্য (দেশী ও বিদেশী ভাষা থেকে)
* অভিযান (অন্তরীক্ষ, আন্টার্কটিকা)

পাঠ্যপুস্তকে বিভিন্ন আদর্শের পরিপুষ্টকারী লেখা যাতে সংকলিত হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। উক্ত আদর্শের বিরোধী কোনো রচনা সন্নিবেশিত করা চলবে না। সংকলনের বিষয় ও লেখক নির্বাচনে বিহারের প্রতি বিশেষ দৃষ্টি রাখতে হবে। সেইসঙ্গে কবি ও লেখকদের সংক্ষিপ্ত পরিচয়ও সংযুক্ত থাকবে।

( উপরোক্ত নিয়মাবলীর আধারে নবম ও দশম শ্রেণির জন্য দুটি আলাদা আলাদা পাঠ্যপুস্তক থাকবে। )

--

## শ্রেণি IX

### পাঠ্য সূচি (Contents) ঃ—

(ক) লিখিত

বাংলা ভাষা ও সাহিত্যের মূল পাঠ্যপুস্তক
(পদ্য ও গদ্য সংকলন)
পদ্য — 12 টি পাঠ
গদ্য — 14 টি পাঠ

সহযোগী পাঠ্য পুস্তক, গল্প সঞ্চয়ন ( আধুনিক যুগের পাঁচটি গল্প সংকলন )

ব্যাকরণ ও নির্মিত (Composition)

* বিশেষ্য ও বিশেষণের পারস্পরিক রূপান্তর
* ক্রিয়ার কাল ও রূপ (সাধারণ বর্তমান, সাধারণ অতীত ও সাধারণ ভবিষ্যৎ, ঘটমান বর্তমান কাল, ঘটমান অতীত কাল ও ঘটমান ভবিষ্যৎ কাল, পুরাঘটিত বর্তমান কাল, পুরাঘটিত অতীত কাল)
* উপসর্গ
* সমাস
* প্রবাদ বাক্য
* বহুপদের একপদের পরিবর্তন
* বিপরীতার্থক শব্দ
* সাধু ও চলিত ভাষা
* হিন্দী ও বাংলা বানানের পার্থক্য
* পত্রলেখন (আবেদন পত্র, সম্পাদকীয় পত্র)
* বিজ্ঞপ্তি (Notice)
* অনুচ্ছেদ লেখন

(খ) মৌখিক

* সংবাদ পাঠ

সম্মিলিত আলোচনা (Group discussion)

* বক্তৃতা
* পাঠ্য বহির্ভূত বিষয়ের জ্ঞান
* বাদ-বিবাদ

## শ্রেণি X

### পাঠ্যসূচি

(ক) লিখিত

বাংলা ভাষা ও সাহিত্যের মূল পাঠ্যপুস্তক

(পদ্য ও গদ্য সংকলন)

পদ্য — 12টি পাঠ

গদ্য — 14টি পাঠ

পঠিত পাঠ

কথা ও কাহিনী — রবীন্দ্রনাথ ঠাকুর

কথা থেকে —

শ্রেষ্ঠ ভিক্ষা, প্রতিনিধি, ব্রাহ্মণ, সামান্য ক্ষতি, স্পর্শমণি, প্রার্থনাতীত দান

কাহিনী থেকে — পুরাতন ভৃত্য, দুই বিঘা জমী।

ব্যাকরণ ও নির্মিতি (Composition)

* বাংলা ভাষার শব্দভাণ্ডারের শ্রেণি বিভাগ (তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি)
* সমাস
* কৃৎ ও তদ্ধিত প্রত্যয় সম্বন্ধে প্রাথমিক জ্ঞান, বিশেষ করে বাংলা কৃৎ ও তদ্ধিত প্রত্যয়।
* প্রবাদ বাক্য
* বহুপদের একপদে পরিবর্তন, সমোচ্চারিত শব্দ,
* হিন্দী থেকে বাংলায় একই শব্দ ও বাক্যাংশের প্রয়োগ পদ্ধতির পার্থক্য
* প্রতিবেদন (Reporting)
* আবেদন পত্র
* সম্পাদকীয় পত্র
* অনুচ্ছেদ লেখন

## শ্রেণী IX

### পরীক্ষা পদ্ধতির বিশদ বিবরণ (Examination specification)

প্রশ্নপত্রটিকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি ভাগের পাশে সংখ্যা নির্ধারিত করা হলো।

| | | |
|---|---|---|
| 1. | পাঠ্য বহির্ভূত গদ্যাংশ | 20 |
| 2. | অনুচ্ছেদ লেখন ও নির্মিতি | 10 |
| 3. | ব্যাকরণ | 15 |
| 4. | (ক) পাঠ্য পুস্তক | 25 |
| | (খ) সহযোগী পাঠ্য পুস্তক | 10 |
| 5. | মৌখিক | 20 |

1. পাঠ্য বহির্ভূত গদ্যাংশ সাহিত্য-ধর্মী গদ্যাংশ হবে। প্রশ্নাবলী – উপযুক্ত শীর্ষক, বস্তুনিষ্ঠ প্রশ্ন, সংক্ষিপ্ত প্রশ্ন, অতি সংক্ষিপ্ত প্রশ্ন। প্রতিটি প্রশ্নের জন্য নির্ধারিত মান 4 হবে।

2. (ক) অনুচ্ছেদ লেখন — সমসাময়িক ও বিভিন্ন বিষয়ের উপরে অনুচ্ছেদ লেখন। নির্ধারিত মান 5 হবে।

(খ) নির্মিতি — পত্র লেখন (আবেদন পত্র ও সম্পাদকীয় পত্র), বিজ্ঞপ্তি (Notice)। নির্ধারিত মান 5 হবে।

3. ব্যাকরণ — ব্যাকরণ থেকে তিনটি প্রশ্ন দেওয়া হবে। প্রতিটি প্রশ্নের মান 5+5+5=15

ব্যাকরণের মুখ্য বিন্দু

4. পাঠ্যপুস্তক — (ক) গদ্যাংশ ও পদ্যাংশের থেকে মোট 25 নম্বরের প্রশ্ন থাকবে।

(i) পদ্যাংশ থেকে তিনটি সংক্ষিপ্ত প্রশ্ন দেওয়া হবে 2+2+2=6

(ii) নির্ধারিত কবিতাগুলি থেকে বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। 3+3=6

(iii) গদ্যাংশ থেকে সংক্ষিপ্ত তিনটি প্রশ্ন থাকবে। 2+2+2=6

(iv) গদ্যাংশ থেকে বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। $3\frac{1}{2} \times 2 = 7$

(খ) সহযোগী পাঠ্য পুস্তক — (i) সংক্ষিপ্ত প্রশ্ন দুটি থাকবে। 2+2=4

(ii) বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। 3+3=6

শ্রেণী X

## পরীক্ষা পদ্ধতির বিশদ বিবরণ (Examination specification)

প্রশ্ন পত্রটিকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে । প্রতিটি ভাগের পাশে সংখ্যা নির্ধারিত করা হলো ।

| | | |
|---|---|---|
| 1. | পাঠ্য বহির্ভূত গদ্যাংশ | 20 |
| 2. | অনুচ্ছেদ লেখন ও নির্মিতি | 15 |
| 3. | ব্যাকরণ | 15 |
| 4. | পাঠ্য পুস্তক | 40 |
| 5. | সহায়ক পাঠ্যপুস্তক | 10 |

1. পাঠ্য বহির্ভূত গদ্যাংশ — সাহিত্য-ধর্মী গদ্যাংশ হবে ।

প্রশ্নাবলী — উপযুক্ত শীর্ষক, বস্তুনিষ্ঠ প্রশ্ন, সংক্ষিপ্ত প্রশ্ন, অতি সংক্ষিপ্ত প্রশ্ন । প্রতিটি প্রশ্নের জন্য নির্ধারিত মান 4 হবে ।

2. (ক) অনুচ্ছেদ লেখন — সমসাময়িক ও বিভিন্ন বিষয়ের উপরে অনুচ্ছেদ লেখন । নির্ধারিত মান 10 হবে ।

(খ) নির্মিতি — পত্র লেখন (আবেদন পত্র ও সম্পাদকীয় পত্র ) প্রতিবেদন নির্ধারিত মান 5 হবে ।

3. ব্যাকরণ — ব্যাকরণ থেকে তিনটি প্রশ্ন দেওয়া হবে ।

প্রতিটি প্রশ্নের মান 5 + 5 + 5 = 15

4. পাঠ্যপুস্তক — গদ্যাংশ ও পদ্যাংশ থেকে মোট 40 নম্বরের প্রশ্ন থাকবে ।

(i) পদ্যাংশে সংক্ষিপ্ত ও বস্তুনিষ্ঠ প্রশ্ন থাকবে । মোট 20 নম্বরের প্রশ্ন হবে ।

(ii) গদ্যাংশে সংক্ষিপ্ত ও বস্তুনিষ্ঠ প্রশ্ন মোট 20 নম্বরের থাকবে ।

5. (i) সহযোগী পাঠ্য পুস্তক — রবীন্দ্রনাথ ঠাকুরের কথা ও কাহিনী থেকে দুটি বস্তুনিষ্ঠ প্রশ্ন থাকবে । তারমধ্যে যে কোনো একটির উত্তর দিতে হবে । প্রশ্নের মান 4

(ii) সংক্ষিপ্ত তিনটি প্রশ্ন থাকবে 2 + 2 + 2 = 6